গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০১০.২০২০- ৫৬

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৬
২৪ ফেব্রুয়ারি ২০২০

বিষয় : "৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভা গত ১৮/০২/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪/০২/২০২০
(মো: আতাউর রহমান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সদস্য, (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (মাদক), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০. বিভাগীয় প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. যুগ্ম-সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক"৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প বিভাগ-১, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

"৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ১৮ ফেব্রুয়ারি ২০২০ |
| সময় | | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ । |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন। অত:পর তিনি প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্প পরিচালক ০৪(চার)টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) টেস্টিং ল্যাবরেটরি স্থাপন শীর্ষক প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

(ক) **রাজশাহী বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:** রাজশাহী বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলার উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের লক্ষ্যে চূড়ান্ত নকশা প্রণয়নপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে যথারীতি টেন্ডার বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। মার্চ মাসের প্রথম সপ্তাহে প্রকল্পের কাজ শুরু করা যাবে । প্রকল্পের প্রাক্কলন ব্যয় ২৮৪.০১ লক্ষ টাকা ।

(খ) **সিলেট বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:** সিলেট বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলার উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের লক্ষ্যে চূড়ান্ত নকশা প্রণয়নপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে যথারীতি ইজিপিতে টেন্ডার বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। গত ১০/০২/২০২০ তারিখে ইজিপি দরপত্র খোলা হয়েছে। বর্তমানে দরপত্র মূল্যায়নের কাজ চলমান রয়েছে।

(গ) **বরিশাল বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:** বরিশাল বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলার উর্ধ্বমূখী সম্প্রসারণের মাধ্যমে টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের লক্ষ্যে চূড়ান্ত নকশা প্রণয়নপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে যথারীতি টেন্ডার বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। বর্তমানে দরপত্র মূল্যায়নের কাজ চলছে।

উল্লিখিত ৩টি বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের কাজ দ্রুত শুরু করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানো হয়।

(ঘ) **চট্টগ্রাম বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি:** চট্টগ্রাম বিভাগীয় শহরে অধিদপ্তরের বিদ্যমান ভবনের ৪র্থ তলার আংশিক ও ৫ম তলায় টেস্টিং ল্যাবরেটরি স্থাপন সংক্রান্ত চূড়ান্ত নকশা ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, ডিপিপি অনুযায়ী ৪র্থ তলার আংশিক এবং ৫ম তলা সম্পূর্ণসহ সর্বমোট ফ্লোর এরিয়া ধরা হয়েছে ২০৪২.৩৫+৩৭১৩.৩৬ = ৫৭৫৫.৭১ বর্গফুট। কিন্তু স্থাপত্য নক্সা অনুযায়ী ও বাস্তবে মোট ফ্লোর এরিয়া দাঁড়ায় ৭৬১০.০০ বর্গফুট এবং প্রাক্কলিত মূল্য দাঁড়ায় ২৩১.২৯ লক্ষ টাকা। ডিপিপিতে উক্ত কাজের জন্য ২১০.০০ লক্ষ টাকার সংস্থান আছে। ফলে কাজটি সম্পন্ন করতে অতিরিক্ত ২৩১.২৯-২১০.০০=২১.২৯ লক্ষ টাকা দরকার হবে। যেহেতু ডিপিপি'তে বরাদ্দকৃত অর্থের চেয়ে ২১.২৯ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়ের

প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে সেহেতু বিষয়টি নিষ্পত্তিকরণের জন্য প্রকল্পের ডিপিপি সংশোধন করা প্রয়োজন। এ প্রসংগে সভাকে জানানো হয় যে, উন্নয়ন প্রকল্প সংশোধন পদ্ধতি মোতাবেক প্রকল্পের প্রথম সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, অর্থায়নের ধরণ, অর্থায়নের উৎস, প্রকল্প এলাকা, জনবল, পরামর্শক এবং যানবাহনের সংখ্যা/ধরণ অপরিবর্তিত রেখে প্রকল্পের অঙ্গ/অঙ্গসমূহের ব্যয়/পরিমানের যে কোন পরিবর্তন হলে মোট প্রকল্প ব্যয়ের ১৫ শতাংশ বৃদ্ধি/হ্রাস এর মধ্যে সীমিত থাকলে তা সুরক্ষা সেবা বিভাগ অনুমোদন করতে পারবে। বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে সংশোধিত প্রকল্প প্রস্তাব মাননীয় মন্ত্রী অনুমোদন করবেন।

২। **আপ্যায়ন খাতে বরাদ্দ প্রদান:** প্রকল্প পরিচালক সভায় জানান যে, বর্তমান ২০১৯-২০২০ অর্থবছরে প্রকল্পের জন্য খাতভিত্তিক সর্বমোট ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তিনি আরো জানান যে, বর্তমান অর্থবছরে বিভিন্ন খাতে অর্থ বরাদ্দ থাকলেও আপ্যায়ন খাতে কোন বরাদ্দ না থাকায় পিআইসি ও পিএসসি সভাসহ অন্যান্য প্রয়োজনে আপ্যায়ন খাতে কোন ব্যয় করা সম্ভব হচ্ছে না। সে প্রেক্ষিতে বর্তমান অর্থবছরে আপ্যায়ন খাতে ৪.০০ লক্ষ টাকা এবং আগামী অর্থবছরে আপ্যায়ন খাতে ৫.০০ লক্ষ টাকা বরাদ্দ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

৩। **বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(ক) পিপিআর ও অন্যান্য প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক ০৪(চার)টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) টেস্টিং ল্যাবরেটরি স্থাপনের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;

(খ) প্রকল্পের পিআইসি সভার সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ করা এবং পিআইসি সভার সিদ্ধান্ত রদবদলের ক্ষেত্রেও পিআইসি সভার অনুমোদন গ্রহণ করা;

(গ) পরিকল্পনা কমিশন কর্তৃক প্রণীত উন্নয়ন প্রকল্প সংশোধন পদ্ধতি মোতাবেক আলোচ্য প্রকল্পের প্রথম সংশোধন হিসেবে চট্টগ্রাম বিভাগীয় টেস্টিং ল্যাবরেটরি স্থাপন সংক্রান্ত অঙ্গের অতিরিক্ত ব্যয় ২১.২৯ লক্ষ টাকা সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করা এবং এ বিষয়ে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন (ডিপিইসি) সভা আয়োজন করা।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৫/২০

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

অদ্য ১৮/০২/২০২০ তারিখ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০৪টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও সিলেট) বিদ্যমান ৩য় তলা ভবনের ৪র্থ ও ৫ম তলায় টেস্টিং ল্যাবরেটরী স্থাপনের জন্য গঠিত 'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি' (পি.এস.সি.) সভায় সদস্যদের উপস্থিতির তালিকাঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | মোঃ মোস্তাফিজুর রহমান সরকার<br>উপপরিচালক, আই.এম.ই.ডি. | 01711-183601 | [signature] ১৮/2/2020 |
| ৩. | মোঃ আইয়ুব রহমান<br>এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (উত্তর) | 01711-130416 | [signature] ১৮/2/2020 |
| ৪. | আব্দুল্লাহ আল মামুন<br>সিনিয়র প্রোগ্রামার<br>পরিকল্পনা বিভাগ-১ | 01817549415 | [signature] 18/02/2020 |
| ৫. | মো: লতিফুর রহমান<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>(পূর্ত) গণপূর্ত অধিদপ্তর | 01794-113848<br>ace_psp@pwd.gov.bd | [signature] 18/02/2020 |

| | | | |
|---|---|---|---|
| ৬. | মো: [illegible], যুগ্ম-প্রধান, [illegible] | ০১৭১২৬৫৫৩১৫৮<br>mhossain.002@gmail.com | [signature] ১৮/২/২০২০ |
| ৭. | Ranjoy Kumar Chowdhury<br>ADG, DNC | ০১৭১২০৭৯৪৬৫ | [signature] |
| ৮. | মো: মনজুরুল মান্নান<br>যুগ্ম সচিব, অর্থবিভাগ | 01711-970906<br>manzarul68@yahoo.com | [signature] ১৮/২/২০ |
| ৯. | মো: ফজলুর রহমান<br>উপ-প্রধান<br>কার্যক্রম বিভাগ | ০১৭১২-৪০৪২৬৪<br>fazlu68@gmail.com | [signature] ১৮/২/2020 |
| ১০. | মো: হাবিবুর রহিম<br>উপপরিচালক (প্রশাসন)<br>DNC | 01716029934<br>himu4060@gmail.com | [signature] ১৮/02/2020 |
| ১১. | নুসরাত জাহান<br>নির্বাহী প্রকৌশলী<br>মহিলা অধিদপ্তর | 01714241902<br>nusratjhn08@gmail.com | Nusrat Jahan 18.02.20 |